
# জুলাই স্মৃতি জাদুঘরে টিকিট নিয়ে অনিয়মের অভিযোগ




ছবি: সংগৃহীত

সাধারণ দর্শনার্থীদের জন্য উন্মুক্ত হওয়ার প্রথম দিনেই জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরের টিকিট বিতরণে অনিয়মের অভিযোগ উঠেছে। কয়েকজন দর্শনার্থীর দাবি, প্রাপ্তবয়স্কদের জন্য ৫০ টাকা নেওয়া হলেও তাদের হাতে শিশুদের জন্য নির্ধারিত টিকিট তুলে দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (৬ আগস্ট) জাদুঘরের টিকিট কাউন্টারের সামনে উপস্থিত একাধিক দর্শনার্থী এ অভিযোগ করেন। পরে ঘটনাটি নিয়ে ধারণ করা একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়।

ভিডিওতে এক দর্শনার্থী অভিযোগ করেন, তার কাছ থেকে প্রাপ্তবয়স্কদের টিকিটের মূল্য নেওয়া হলেও দেওয়া হয়েছে শিশুদের জন্য নির্ধারিত কম মূল্যের টিকিট। একই ধরনের অভিযোগ করেন আরও কয়েকজন। তাদের দাবি, টিকিটের মূল্য ও সরবরাহ করা টিকিটের মধ্যে অসঙ্গতি রয়েছে।

LENS ASIA

এ বিষয়ে টিকিট কাউন্টারে দায়িত্বরত ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা কোনো মন্তব্য করতে রাজি হননি। তাদের ভাষ্য, বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে বক্তব্য দেবে।

এদিন থেকেই দর্শনার্থীদের জন্য জাদুঘরটি উন্মুক্ত করা হয়। এখানে জুলাই আন্দোলনের বিভিন্ন আলোকচিত্র, দলিল, ভিডিওচিত্র, শহীদ ও আহতদের স্মারক এবং আন্দোলন-সংশ্লিষ্ট নানা উপকরণ প্রদর্শনের ব্যবস্থা রাখা হয়েছে।

জাদুঘর কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, প্রতিদিন সর্বোচ্চ ৯০০ জন দর্শনার্থী মূল ভবনে প্রবেশের সুযোগ পাবেন। অনলাইন ও কাউন্টার—উভয় মাধ্যমেই টিকিট সংগ্রহ করা যাবে। প্রতিদিন তিনটি পৃথক সময়সূচিতে ৩০০ জন করে দর্শনার্থী প্রবেশের সুযোগ পাবেন। প্রাপ্তবয়স্কদের টিকিটের মূল্য ৫০ টাকা এবং শিশুদের জন্য ২৫ টাকা নির্ধারণ করা হয়েছে।